গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ন্যাশনাল প্রোডাকটিভিটি অর্গানাইজেশন
শিল্প মন্ত্রণালয়
৯১, মতিঝিল বা/এ, ঢাকা।
www.npo.gov.bd

# জাতীয় উৎপাদনশীলতা কার্যনির্বাহী কমিটির ১৯ তম সভার কার্যবিবরণী

সভাপতি : **মোঃ আবদুল হালিম**
সচিব, শিল্প মন্ত্রণালয়
তারিখ : ২৩ ফেব্রুয়ারি,২০২০খ্রি.
সময় : সকাল ০৯.০০ টা
স্থান : শিল্প মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষ
উপস্থিতি : পরিশিষ্ট-ক

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন । সভাপতির অনুমতিক্রমে জনাব নিশ্চিন্ত কুমার পোদ্দার পরিচালক, এনপিও জাতীয় উৎপাদনশীলতা কার্য-নির্বাহী কমিটির কার্যপত্র সভায় উপস্থাপন করেন ।

অতঃপর সভায় আলোচ্যসূচি ভিত্তিক নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয় :

| ক্র. নং | আলোচ্যসূচি | আলোচনা | সভার সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ১ | **বিগত সভার কার্যবিবরণী নিশ্চিতকরণ** | গত ০৭ নভেম্বর, ২০১৯ তারিখে অনুষ্ঠিত ১৮তম সভার কার্য-বিবরণী উপস্থাপন করা হয় । এতে কোন সংশোধনী না থাকায় কার্য-বিবরণীটি দৃঢ় করা যেতে পারে মর্মে সকলে মত প্রকাশ করেন। | বিগত ১৮তম সভার কার্যবিবরণী দৃঢ় করা হয়। | |
| ২ | **এনপিও দপ্তরের আপগ্রেডেশন ও আঞ্চলিক অফিস স্থাপন সংক্রান্ত** | সভায় জানানো হয় যে, এনপিও দপ্তরকে ডিজি অফিসে রূপান্তরের বিষয়টি অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়ের চাহিদা মোতাবেক এনপিও'র খসড়া নিয়োগবিধি প্রস্তুত করে গত ০৫-০২-২০২০ তারিখে মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে । এছাড়াও প্রশাসনিক উন্নয়ন সংক্রান্ত সচিব কমিটিতে সার সংক্ষেপ প্রেরণের লক্ষ্যে মন্ত্রণালয় কর্তৃক চাহিত তথ্যাদি গত ১৯/০২/২০২০ তারিখে প্রেরণ করা হয়েছে । শিল্প মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব, মিজ লুৎফুন নাহার বেগম বলেন, বাংলাদেশ সচিবালয় (ক্যাডার বহির্ভূত গেজেট কর্মকর্তা এবং নন গেজেট কর্মচারী) নিয়োগ বিধিমালা ২০১৪ এর আলোকে চাকুরীবিধির সাথে সঙ্গতি রেখে এনপিও'র খসড়া নিয়োগবিধি পরীক্ষা করা হচ্ছে মর্মে জানান । তিনি আরোও বলেন, এনপিও'র জন্য রাজস্বখাতে অস্থায়ীভাবে পদ সৃজনে অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয় হতে সম্মতিকৃত ৩৩টি পদের ইতোপূর্বে বেতন গ্রেড নির্ধারণ করা হয়েছে । সে প্রেক্ষিতে প্রশাসনিক উন্নয়ন সংক্রান্ত সচিব কমিটিতে সার সংক্ষেপ প্রেরণের লক্ষ্যে তথ্যাদি পাওয়া গেছে । অতিশীঘ্রই সারসংক্ষেপ উপস্থাপন করা হবে মর্মে মতামত ব্যক্ত করেন ।<br>সভাপতি সভায় বলেন, এনপিও'র খসড়া নিয়োগবিধি প্রস্তুত করার সময় জাতীয় পে-স্কেল, নন-ক্যাডার ~~এবং অন্যান্য~~ সার্ভিস এর প্রবিধানমালা বিবেচনা করার উপর গুরুত্বারোপ করেন । তিনি সমস্ত নিয়ম কানুন মেনে এনপিও'র প্রবিধানমালা সংশোধনপূর্বক সঠিকভাবে প্রশাসনিক উন্নয়ন সংক্রান্ত সচিব কমিটিতে সার সংক্ষেপ প্রেরণের জন্য মতামত প্রকাশ করেন । | এনপিও দপ্তরকে ডিজি অফিসে রূপান্তরের সার্বিক কার্যক্রম দ্রুততার সাথে সম্পন্ন করতে হবে । | (ক) অতিরিক্ত সচিব (প্রশাসন),শিল্প মন্ত্রণালয়<br>(খ) পরিচালক, এনপিও |

| | | | | |
|---|---|---|---|---|
| ৩ | এনপিও'র জন্য বরাদ্দকৃত জমিতে ভবন নির্মাণ সংক্রান্ত | সভায় জানানো হয় যে, গত ১৩ নভেম্বর, ২০১৯ তারিখে মামলাটির আংশিক শুনানি হয় এবং গত ৪ ও ৫ ডিসেম্বর, ২০১৯ তারিখে মামলাটি শুনানির তালিকায় অন্তর্ভুক্ত ছিল, কিন্তু শুনানি হয়নি। এনপিও হতে এ্যাটর্নি জেনারেল ও ডেপুটি অ্যাটর্নি জেনারেলের কার্যালয়ে সরাসরি সাক্ষাৎ এবং ফোনে যোগাযোগ অব্যাহত আছে। এনপিও'র পরিচালক জানান, এনপিও এবং এসএমই ফাউন্ডেশন হতে অ্যাটর্নি জেনারেল এর সাথে যোগাযোগ করে মামলাটি নিষ্পত্তির ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে এবং প্রকল্পের ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে বাস্তবায়ন মেয়াদ জুন ২০২২ (০২ বছর) পর্যন্ত বাড়ানোর প্রস্তাব গত ১১/০২/২০২০ তারিখে পরিকল্পনা কমিশনে প্রেরণ করা হয়েছে।<br>নাসিবের সভাপতি জনাব মির্জা নুরুল গণি শোভন বলেন, জাতীয় পর্যায়ে উৎপাদনশীলতা উন্নয়নে এনপিও'র সাথে নাসিব নানাবিধ কার্যক্রম পরিচালনা করে থাকে। তিনি আরোও বলেন, এ কার্যক্রম ধারাবাহিকভাবে বছরব্যাপী পরিচালনা করার ক্ষেত্রে সরকারি তেমন কোন আর্থিক অনুদান পাওয়া যায় না তাই নাসিবের আঞ্চলিক কার্যক্রম ব্যাপকহারে পরিচালনার জন্য এনপিও'র নিজস্ব ভবনে নাসিবের অফিসের জন্য জায়গা বরাদ্দের জন্য সভাপতি মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করেন।<br>সভাপতি এনপিও'র নিজস্ব ভবন নির্মাণের লক্ষ্যে অ্যাটর্নি জেনারেলের অফিস ও সংশ্লিষ্টদের সাথে ব্যক্তিগতভাবে যোগাযোগ করার পরামর্শ প্রদান করেন। | সংশ্লিষ্টদের সাথে ব্যক্তিগত যোগাযোগের মাধ্যমে দ্রুত মামলা নিষ্পত্তি করে ভবনের নির্মাণ কাজ বাস্তবায়ন নিশ্চিত করতে হবে। | (ক) অতিরিক্ত সচিব (প্রশাসন), শিল্প মন্ত্রণালয়<br>(খ) পরিচালক, এনপিও<br>(গ) রেজিস্ট্রার, ডিপিডিটি<br>(ঘ) ব্যবস্থাপনা পরিচালক এসএমই ফাউন্ডেশন |
| ৪ | এনপিওকে একটি দক্ষ পেশাদারী প্রতিষ্ঠান হিসেবে গড়ে তোলার লক্ষ্যে কারিগরি প্রকল্প গ্রহণ | সভায় জানানো হয় যে, পরিকল্পনা কমিশনের শিল্প ও শক্তি বিভাগের নির্দেশনার ভিত্তিতে "এনপিও'র পেশাজীবী কর্মকর্তাদের সক্ষমতা বৃদ্ধি এবং দেশব্যাপী উৎপাদনশীলতা বিষয় অবহিতকরণ" শীর্ষক প্রকল্পটি পুনরায় পুনর্গঠন করে গত ০৮ ডিসেম্বর, ২০১৯ তারিখে মন্ত্রণালয়ের মাধ্যমে পরবর্তী কার্যক্রম গ্রহণার্থে পরিকল্পনা কমিশনে প্রেরণ করা হয়েছে। প্রকল্পটি অনুমোদনের জন্য প্রক্রিয়াধীন আছে।<br>সভাপতি পরিকল্পনা কমিশন, পরিকল্পনা মন্ত্রণালয় এর সাথে সার্বিক যোগাযোগ করে "এনপিও'র পেশাজীবী কর্মকর্তাদের সক্ষমতা বৃদ্ধি এবং দেশব্যাপী উৎপাদনশীলতা বিষয় অবহিতকরণ" শীর্ষক প্রকল্পটি চূড়ান্ত অনুমোদনের উপর গুরুত্বারোপ করেন। | পরিকল্পনা কমিশন, পরিকল্পনা মন্ত্রণালয়ে প্রেরণকৃত "এনপিও'র পেশাজীবী কর্মকর্তাদের দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে "উৎপাদনশীলতা বিষয় অবহিতকরণ" শীর্ষক প্রকল্পটির ফলোআপ করতে হবে। | (ক) পরিচালক, এনপিও<br>(খ) পরিকল্পনা অনুবিভাগ, শিল্প মন্ত্রণালয় |
| ৫ | এপিও কর্তৃক প্রতিষ্ঠান পর্যায়ে প্রদেয় স্বল্প ব্যয় সম্পন্ন আন্তর্জাতিক মানের Technical Expert Service (TES) সেবা গ্রহণ | সভায় জানানো হয় যে, ২০২০ সালের এপিও'র প্রজেক্ট নটিফিকেশন অনুযায়ী ৭০টি সরকারি ও বেসরকারি প্রতিষ্ঠানে এনপিও হতে পত্র প্রেরণ করা হয়েছে। এ পর্যন্ত বাংলাদেশ এমপ্লয়ার্স ফেডারেশন হতে দুটি আবেদন ফরম পাওয়া গেছে।<br>সভাপতি সভায় বলেন যে, এপিও কর্তৃক প্রতিষ্ঠান পর্যায়ে স্বল্প ব্যয় সম্পন্ন আন্তর্জাতিক মানের Technical Expert Service (TES) সেবা প্রদান করা হয়। এ TES সেবা গ্রহণের জন্য শিল্প মন্ত্রণালয়ের আওতাধীন বিভিন্ন দপ্তর ও সংস্থা, কর্পোরেশনের আওতাধীন প্রতিষ্ঠানসমূহ এবং সরকারি ও বেসরকারি শিল্প ও সেবা প্রতিষ্ঠানকে সম্পৃক্ত করে পরিচালক এনপিও কে কর্মশালা আয়োজন করার নির্দেশ প্রদান করেন। | ২০২০ সালে এপিও কর্তৃক Technical Expert Service (TES) সেবা গ্রহণের জন্য সংশ্লিষ্টদের নিয়ে এনপিও কর্তৃক কর্মশালা আয়োজন করতে হবে। | পরিচালক, এনপিও |
| ৬ | সেক্টর এবং সাব সেক্টরের Need Base কর্মসূচি গ্রহণ ও বিভিন্ন ট্রেডবডি এবং এনপিও'র মেমোরেন্ডাম অফ | সভায় জানানো হয় যে, শিল্প সচিব মহোদয়ের উপস্থিতিতে গত ০৭/১১/২০১৯ তারিখে এনপিও এবং ঢাকা চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রিজ এর সাথে সমঝোতা স্মারক স্বাক্ষরিত হয়েছে। এছাড়াও বাংলাদেশ চেম্বার অব ইন্ডাস্ট্রিজ (বিসিআই), বাংলাদেশ উইমেন চেম্বার অব ইন্ডাস্ট্রিজ (বিডব্লিউআই), বিজিএমইএ, বিকেএমইএ এবং বাংলাদেশ লেদার এন্ড ফুটওয়্যার অ্যাসোসিয়েশনকে চিঠি দেওয়া হয়েছে এবং মৌখিক আলোচনা চলছে।<br>ঢাকা উইমেন চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি'র সভাপতি মিজ নাজ ফারহানা বলেন, জাতীয় পর্যায়ে উৎপাদনশীলতার লেভেল উন্নয়নে নারী উদ্যোক্তাদের উৎপাদনশীলতার ধারণা প্রদানের লক্ষ্যে এনপিও'র | উৎপাদনশীলতা উন্নয়নে অংশগ্রহণসহ MoU স্বাক্ষরের জন্য অ্যাসোসিয়েশন ও সেক্টরভিত্তিক নতুন নতুন প্রতিষ্ঠানের সাথে যোগাযোগ অব্যাহত | পরিচালক, এনপিও |

| | | | | |
|---|---|---|---|---|
| | আন্ডারস্ট্যান্ডিং স্বাক্ষর | কর্মকান্ড তুলে ধরা প্রয়োজন । তিনি সেক্টর এবং সাব-সেক্টরে Need Base কর্মসূচি গ্রহণের লক্ষ্যে এনপিও'র সাথে সমঝোতা স্মারক স্বাক্ষরের উপর গুরুত্বারোপ করেন এবং আগামীতে ঢাকা উইমেন চেম্বার অব কমার্স ইন্ডাষ্ট্রির সাথে MoU স্বাক্ষরের আগ্রহ প্রকাশ করেন ।<br>সভাপতি এনপিও'র কার্যক্রম প্রচার প্রসার ও কার্যকরী করার লক্ষ্যে এ যাবত যতগুলো MoU স্বাক্ষর হয়েছে তা ফলোআপ করার উপর গুরুত্বারোপ করেন । তিনি দ্বিপাক্ষিক আলোচনায় সীমাবদ্ধ না থেকে একজন কর্মকর্তাকে দায়িত্ব /ফোকাল পয়েন্ট নির্ধারণ করাসহ সেক্টরভিত্তিক নতুন নতুন প্রতিষ্ঠানের সাথে MoU স্বাক্ষরের উদ্যোগ গ্রহণ করার উপর মতামত প্রদান করেন । | রাখতে হবে। এ বিষয়ে একজন কর্মকর্তাকে দায়িত্ব নির্দিষ্ট করে দিতে হবে। | |
| ৭ | বাংলাদেশ কারিগরি শিক্ষা কারিকুলামে উৎপাদনশীলতা বিষয় অন্তর্ভুক্তকরণ | সভায় জানানো হয়, এনপিও কর্তৃক প্রস্তুতকৃত Contentটি এসএসসি ও দাখিল (ভোকেশনাল) নবম-দশম শ্রেণীর কারিকুলাম ও পাঠ্যপুস্তকে "উৎপাদনশীলতার ধারণা" আত্মকর্মসংস্থান ও ব্যবসায় উদ্যোগ বইটিতে অন্তর্ভুক্তকরণের লক্ষ্যে (২০২১ সালের পাঠ্যসূচি) সংশ্লিষ্ট পান্ডুলিপি প্রকাশের জন্য শিল্প মন্ত্রণালয় হতে সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ এবং চেয়ারম্যান, জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ডকে গত ২৩/১০/২০১৯ তারিখ পুনরায় পত্র দিয়ে অনুরোধ করা হয়েছে । বিষয়টি জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড (NCTB)'র বিবেচনাধীন রয়েছে।<br>বাংলাদেশ ইস্পাত ও প্রকৌশল কর্পোরেশন (বিএসইসি)'র চেয়ারম্যান, জনাব মোঃ রইছ উদ্দিন এনপিও কর্তৃক প্রস্তুতকৃত Contentটি যেহেতু কারিগরি শিক্ষা কারিকুলামে অন্তর্ভুক্তির চূড়ান্ত পর্যায়ে রয়েছে সেহেতু জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড (NCTB)'র ০১ (এক) জন প্রতিনিধিকে আগামী এনপিইসি'র সভায় আমন্ত্রণ জানানোর মতামত ব্যক্ত করেন ।<br>সভাপতি বাংলাদেশ কারিগরি শিক্ষা কারিকুলামে উৎপাদনশীলতা বিষয়ক Content টি অন্তর্ভুক্তকরণের লক্ষ্যে জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড (NCTB)'র সাথে যোগাযোগ অব্যাহত রাখার পরামর্শ প্রদান করেন । | বাংলাদেশ কারিগরি শিক্ষা কারিকুলামে উৎপাদনশীলতা বিষয়ক Content টি অন্তর্ভুক্তকরণের লক্ষ্যে জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড (NCTB)'র সাথে যোগাযোগ অব্যাহত রাখতে হবে। | (ক) অতিরিক্ত সচিব (প্রশাসন), শিল্প মন্ত্রণালয়<br>(খ) পরিচালক,এনপিও |
| ৮ | এনপিও'র সহায়তায় শিল্প মন্ত্রণালয় দশ বছর মেয়াদী National Productivity Master Plan 2021-2030 প্রণয়ন | সভায় জানানো হয় যে, Bangladesh National Productivity Master Plan FY 2021-2030 বাস্তবায়ন করার জন্য Action Plan তৈরি করার জন্য গঠিত কমিটির ২য় সভা গত ১৬/০২/২০২০ তারিখে অনুষ্ঠিত হয়েছে ।<br>শিল্প মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব মিজ লুৎফুন নাহার বেগম বলেন, দশ বছর মেয়াদী Master Plan বাস্তবায়নের জন্য গঠিত কমিটির সদস্যদেরকে নিয়ে এ যাবত ০২ (দুই)টি সভা আয়োজন করা হয়েছে । সভায় উপস্থিত প্রতিনিধিদেরকে উল্লেখিত Master Plan যথাযথভাবে বাস্তবায়নের সুবিধার্থে প্রত্যেক প্রতিষ্ঠানকে স্ব স্ব কর্মপরিকল্পনা সংক্রান্ত প্রস্তাব পেশ করার জন্য বলা হয়েছে মর্মে জানান । প্রতিনিধিদের প্রস্তাব প্রাপ্তির পর খসড়া Action Plan প্রস্তুত করা হবে সভাকে মর্মে জানান ।<br>নাসিবের সভাপতি মির্জা নুরুল গণি শোভন বলেন, জাতীয় পর্যায়ে উৎপাদনশীলতা বাড়াতে এশিয়ান প্রোডাকটিভিটি অর্গানাইজেশন (এপিও)'র সহায়তায় এনপিও, শিল্প মন্ত্রণালয় Bangladesh National Productivity Master Plan FY 2021-2030 বাস্তবায়নের জন্য প্রচুর অর্থের প্রয়োজন এবং বাজেটের প্রাক্কলন বা সক্ষমতা এনপিও'র আছে কিনা সভাপতির দৃষ্টি আকর্ষণ করেন ।<br>এনপিও'র পরিচালক সভাকে জানান যে, Bangladesh National Productivity Master Plan FY 2021-2030 বাস্তবায়নের জন্য আগামী অর্থ বছরে এনপিও'র বাজেটে প্রয়োজনীয় অর্থ বরাদ্দ রাখা হয়েছে । | ক) Bangladesh National Productivity Master Plan FY2021-2030 বাস্তবায়নের জন্য গঠিত কমিটির বিভিন্ন সদস্যদের স্ব স্ব প্রতিষ্ঠান সংক্রান্ত প্রস্তাবসমূহ একীভূত করে আগামী জুন ২০২০ এর মধ্যে খসড়া Action Plan প্রস্তুত করতে হবে। | (ক) অতিরিক্ত সচিব (প্রশাসন), শিল্প মন্ত্রণালয়<br>(খ) পরিচালক,এনপিও |

| | | | | |
|---|---|---|---|---|
| | | Bangladesh National Productivity Master Plan FY2021-2030 বাস্তবায়নের জন্য গঠিত কমিটির কর্ম পরিকল্পনাসমূহ একীভূত করে আগামী জুন ২০২০ এর মধ্যে খসড়া Action Plan প্রস্তুতের কার্যক্রম গ্রহণ করার জন্য সভাপতি অনুরোধ করেন ।<br><br>সভাপতি খসড়া Action Plan প্রস্তুতের পর সংশ্লিষ্ট মন্ত্রণালয়, বিভাগ ও সরকারি ও বেসরকারি সংস্থাকে অন্তর্ভুক্ত করা এবং আলাদা টার্গেট গ্রুপ নির্ধারণ করে Master Plan সংক্রান্ত Workshop আয়োজন করার উপর গুরুত্বারোপ করেন । | খ) Master Plan সংক্রান্ত খসড়া Action Plan প্রস্তুতের পর সংশ্লিষ্ট মন্ত্রণালয়, বিভাগ ও সরকারি ও বেসরকারি সংস্থাকে অন্তর্ভুক্ত করতে হবে এবং টার্গেট গ্রুপ নির্ধারণ করে Workshop আয়োজন করতে হবে । | |
| ৯ | ন্যাশনাল প্রোডাকটিভিটি এন্ড কোয়ালিটি এক্সিলেন্স অ্যাওয়ার্ড ২০১৯ এবং ইন্সটিটিউশনাল এপ্রিসিয়েশন অ্যাওয়ার্ড ২০১৯ প্রদান করা | সভায় জানানো হয় যে, ন্যাশনাল প্রোডাকটিভিটি এন্ড কোয়ালিটি এক্সিলেন্স অ্যাওয়ার্ড ২০১৯ সংক্রান্ত পুনঃবিজ্ঞপ্তিটি **গত ১২-১২-২০১৯** তারিখের “দৈনিক বাংলাদেশের খবর”, “দৈনিক যুগান্তর” ও “The Asian Age” পত্রিকায় প্রকাশ করা হয়েছে। এছাড়াও এনপিও এবং বিভাগীয় প্রশাসনের যৌথ উদ্যোগে বিভাগীয় পর্যায়ে ০৪ (চার)টি (রাজশাহী, খুলনা, চট্টগ্রাম এবং সিলেট) এ ন্যাশনাল প্রোডাকটিভিটি এন্ড কোয়ালিটি এক্সিলেন্স অ্যাওয়ার্ড ২০১৯ এবং ইন্সটিটিউশনাল এপ্রিসিয়েশন অ্যাওয়ার্ড ২০১৯ এর আবেদন ফরম পূরণের উপর কর্মশালা আয়োজন করা হয়েছে মর্মে এনপিও’র পরিচালক সভাকে অবহিত করেন ।<br>নাসিবের সভাপতি জনাব মির্জা নুরুল গণি শোভন বলেন, এনপিও’র কার্যক্রম দেশব্যাপী প্রচার, প্রসার এবং সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে এ কর্মশালাসমূহ বাস্তবায়ন করা হয়েছে । তিনি বিভাগের পাশাপাশি জেলাসমূহে আগামীতেও এ ধরণের কর্মশালা আয়োজন করার উপর সভাপতির দৃষ্টি আকর্ষণ করেন ।<br><br>শিল্প মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব মিজ লুৎফুন নাহার বেগম বলেন, এনপিও এবং সিলেট বিভাগীয় প্রশাসনের উদ্যোগে আয়োজিত কর্মশালায় তিনি উপস্থিত ছিলেন এবং এ কর্মশালায় স্থানীয় ট্রেডবডি ও ব্যবসায়িক সংগঠন, সরকারি পর্যায়ের উচ্চ পদস্থ কর্মকর্তাগণ ও বেসরকারি শিল্প/সেবা প্রতিষ্ঠানের কর্মকর্তাগণ এবং স্থানীয় মিডিয়ার প্রতিনিধিসহ শতাধিক প্রতিনিধি উপস্থিত ছিলেন । এ কর্মশালার মাধ্যমে উপস্থিত প্রতিনিধিগণ এনপিও অফিসের সার্বিক কর্মকাণ্ড সম্পর্কে সুস্পষ্ট ধারণা এবং এর গুরুত্ব অনুধাবন করতে পেরেছেন মর্মে সভাকে জানান ।<br>এনপিও’র পরিচালক ন্যাশনাল প্রোডাকটিভিটি এন্ড কোয়ালিটি এক্সিলেন্স অ্যাওয়ার্ড এবং ইন্সটিটিউশনাল এপ্রিসিয়েশন অ্যাওয়ার্ড এর আবেদন ফরম স্থানীয় ট্রেডবডি ও জেলা প্রশাসকের কার্যালয় হতে সংগ্রহ করার উদ্যোগ গ্রহণ করার উপর মতামত ব্যক্ত করেন । সভায় এনপিও, শিল্প মন্ত্রণালয় কর্তৃক আগামী ৩১ জুলাই ২০২০, এর মধ্যে ন্যাশনাল প্রোডাকটিভিটি এন্ড কোয়ালিটি এক্সিলেন্স অ্যাওয়ার্ড এবং ইন্সটিটিউশনাল এপ্রিসিয়েশন অ্যাওয়ার্ড ২০১৯ প্রদানের লক্ষ্যে তারিখ নির্ধারণ এর ব্যাপারে সভাপতির দৃষ্টি আকর্ষণ করেন।<br><br>সভাপতি ন্যাশনাল প্রোডাকটিভিটি এন্ড কোয়ালিটি এক্সিলেন্স অ্যাওয়ার্ড এবং ইন্সটিটিউশনাল এপ্রিসিয়েশন অ্যাওয়ার্ড ২০১৯ প্রদানের তারিখ মাননীয় শিল্প মন্ত্রী এবং মাননীয় প্রতিমন্ত্রীর সাথে আলোচনার মাধ্যমে নির্ধারণের জন্য এনপিও’র পরিচালককে পরামর্শ প্রদান করেন । | ক) এনপিও’র কার্যক্রম দেশব্যাপী প্রচার, প্রসার এবং সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে বিভাগ ও জেলা পর্যায়ে ন্যাশনাল প্রোডাকটিভিটি এন্ড কোয়ালিটি এক্সিলেন্স অ্যাওয়ার্ড বিষয়ক কর্মশালার আয়োজন করতে হবে ।<br><br>(ক) ন্যাশনাল প্রোডাকটিভিটি এন্ড কোয়ালিটি এক্সিলেন্স অ্যাওয়ার্ড এবং ইন্সটিটিউশনাল এপ্রিসিয়েশন অ্যাওয়ার্ড এর আবেদন ফরম স্থানীয় ট্রেডবডি ও জেলা প্রশাসকের কার্যালয় হতে সংগ্রহ করার ব্যাপারে কার্যক্রম গ্রহণ করতে হবে। | (ক) পরিচালক, এনপিও |
| ১০ | এনপিও এর ষাণ্মাসিক জাতীয় | সভায় জানানো হয় যে, এনপিও বার্তা’র ৫ম সংখ্যা চূড়ান্ত মুদ্রণের জন্য ০২টি দৈনিক পত্রিকা (বাংলা ও ইংরেজি) দরপত্র বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়েছে এবং দরপত্র খোলার তারিখ ২৪/০২/২০২০ । | উৎপাদনশীলতা বিষয়ে বিভিন্ন লেখাসহ নিয়মিতভাবে ষাণ্মাসিক | পরিচালক, এনপিও |

| | | | | |
|---|---|---|---|---|
| | উৎপাদনশীলতা বার্তা (এনপিও বার্তা) প্রকাশ | মেট্রোপলিটন চেম্বার অব কমার্স ইন্ডাস্ট্রি'র উপ প্রধান জনাব এম. আবদুর রহমান এনপিও যেহেতু এশিয়ান প্রোডাকটিভিটি অর্গানাইজেশন (এপিও)'র ফোকাল পয়েন্ট হিসেবে কাজ করে সেহেতু এনপিও'র প্রকাশনা বাংলার পাশাপাশি ইংরেজিতে মুদ্রণ করার ব্যাপারে সভাপতির দৃষ্টি আকর্ষণ করেন। সভায় উপস্থিত প্রতিনিধিগণ এ ব্যাপারে একমত পোষণ করেন । সভাপতি এনপিও বার্তা'র আগামী সংখ্যা থেকে বাংলার পাশাপাশি ইংরেজিতে মুদ্রণের উপর গুরুত্বারোপ করেন । | এনপিও বার্তার পরবর্তী সংখ্যা বাংলা এবং ইংরেজীতে প্রকাশ করার প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করতে হবে। | |
| ১১ | ন্যাশনাল প্রোডাকটিভিটি অর্গানাইজেশন (এনপিও) এর সার্বিক কর্মকান্ডের তথ্যাদি বিষয়ক | সভায় জানানো হয় যে, "Effectiveness of Productivity Improvement Training Program of NPO" শীর্ষক গবেষণার জন্য ঢাকা বিশ্ববিদ্যালয়ের ফলিত রসায়ন বিভাগের প্রফেসর ড. জাহাঙ্গীর আলম এর সাথে চুক্তি স্বাক্ষর করা হয়েছে। ইতোমধ্যে প্রশ্নপত্র প্রণয়ন করা হয়েছে এবং ডাটা সংগ্রহের কাজ শুরু হয়েছে। মে ২০২০ সালে গবেষণা কার্যক্রম শেষ হবে ।<br><br>বাংলাদেশ লেদার সেক্টরে " **Bangladesh Leather Sector- Condition Challenges and Strategies**" শীর্ষক গবেষণার জন্য সাবেক সচিব ড. প্রশান্ত কুমার রায় এর সাথে চুক্তি স্বাক্ষর করা হয়েছে। ইতোমধ্যে প্রশ্নপত্র প্রণয়ন করা হয়েছে এবং ডাটা সংগ্রহের কাজ শুরু হয়েছে । মে ২০২০ সালে গবেষণা কার্যক্রম শেষ হবে ।<br><br>সভাপতি **এনপিও'র প্রশিক্ষণ পরবর্তী গবেষণা** এবং **চামড়া শিল্পের উপর গবেষণা** মে ২০২০ সালে মধ্যে শেষ করার অনুরোধ করেন।<br><br>সভায় বাংলাদেশ চিনি ও খাদ্য শিল্প কর্পোরেশনের আওতাধীন ৩টি প্রতিষ্ঠান (রাজশাহী সুগার মিলস লিঃ, নাটোর সুগার মিলস লিঃ ও নর্থ বেঙ্গল সুগার মিল) এ MFCA বাস্তবায়নের লক্ষ্যে এপিও কর্তৃক Mr. Wichai Chattinnawat কে নিয়োগ করা হয়েছে । এপিও কর্তৃক নির্ধারিত কনসালটেন্ট প্রথম ধাপ (Diagnostic Consultation ও Overall Planning) এর উপর গত ২৬ জানুয়ারি, ২০২০ হতে ০২ ফেব্রুয়ারি ২০২০ তারিখে ০৩টি প্রতিষ্ঠান পরিদর্শন করেন । পরবর্তীতে আরোও ০৪টি ধাপে MFCA বাস্তবায়ন সম্পূর্ণ করা হবে ।<br><br>সভাপতি MFCA বিষয়টি সভায় আলোচনার জন্য এনপিও'র পরিচালককে অনুরোধ করেন । এ প্রেক্ষিতে এনপিও'র উর্ধ্বতন গবেষণা কর্মকর্তা, জনাব মুহাম্মদ আরিফুজ্জামান সভাকে জানান যে, উৎপাদনের মোট উপাদান সমূহের মধ্যে Material Cost, System Cost, Energy Cost এবং Wastage Cost কী পরিমাণ হয় তা পরিমাপ করা হয় ।<br><br>সভাপতি বাংলাদেশ চিনি ও খাদ্য শিল্প কর্পোরেশন এর আওতাধীন উল্লেখিত ০৩টি প্রতিষ্ঠানের পাশাপাশি অন্যান্য প্রতিষ্ঠানের কর্মকর্তাদের এ ব্যাপারে জ্ঞান অর্জন করার উপর গুরুত্বারোপ করেন । বাংলাদেশ চিনি ও খাদ্য শিল্প কর্পোরেশন এর পাশাপাশি বাংলাদেশ ইস্পাত ও প্রকৌশল কর্পোরেশনকে এপিও কর্তৃক MFCA বাস্তবায়নে পরামর্শ প্রদান করেন । | (ক) **এনপিও'র প্রশিক্ষণ পরবর্তী গবেষণা** এবং **চামড়া শিল্পের উপর গবেষণা** মে ২০২০ সালে মধ্যে শেষ করতে হবে।<br><br>(খ) বাংলাদেশ চিনি ও খাদ্য শিল্প কর্পোরেশনের আওতাধীন উক্ত ৩টি প্রতিষ্ঠানে MFCA যথাযথ বাস্তবায়নে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবেন।<br><br>গ) বাংলাদেশ চিনি ও খাদ্য শিল্প কর্পোরেশন এর পাশাপাশি বাংলাদেশ ইস্পাত ও প্রকৌশল কর্পোরেশন এর বিভিন্ন প্রতিষ্ঠানেও MFCA বাস্তবায়নের কার্যক্রম গ্রহণ করতে হবে । | (ক)পরিচালক, এনপিও<br><br>খ) চেয়ারম্যান বাংলাদেশ চিনি ও খাদ্য শিল্প কর্পোরেশন<br><br>(গ) চেয়ারম্যান বাংলাদেশ ইস্পাত ও প্রকৌশল কর্পোরেশন |
| ১২ | শিল্প, সেবা ও কৃষি সেক্টরে উৎপাদনশীলতা লেভেল নির্ধারণ | সভায় জানানো হয়, এনপিও'র চলমান কার্যক্রমের পাশাপাশি কৃষি, সেবা ও শিল্প সেক্টরের উৎপাদনশীলতার লেভেল নির্ধারণের জন্য বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস) এর পরবর্তী Labour Force Survey প্রকাশের পর পরিচালনা করা হবে এবং তা এনপিও ওয়েব সাইটে যথাসময়ে প্রকাশ করা হবে । | এনপিও'র চলমান কার্যক্রমের পাশাপাশি শিল্প, সেবা ও কৃষি সেক্টরের উৎপাদনশীলতার লেভেল নির্ধারণের জন্য | পরিচালক, এনপিও |

| | | | | |
|---|---|---|---|---|
| | | সভাপতি, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস) এর পরবর্তী Labour Force Survey প্রকাশের পর শিল্প, সেবা ও কৃষি সেক্টরের উৎপাদনশীলতা লেভেল নির্ধারণের কার্যক্রম গ্রহণ করার উপর গুরুত্বারোপ করেন। | Labour Force Survey প্রকাশের পর সমীক্ষা পরিচালনা করতে হবে। | |
| ১৩ | **উৎপাদনশীলতা সম্পর্কে ধারণা সম্প্রসারণের জন্য উৎপাদনশীলতা বিষয়ক সেমিনার, কর্মশালা, আলোচনা সভা আয়োজন** | সভায় জানানো হয় যে, উৎপাদনশীলতা আন্দোলনকে অধিক মাত্রায় বেগবান করার লক্ষ্যে বাংলাদেশ টেলিভিশন (বিটিভি) এ উৎপাদনশীলতা উন্নয়ন বিষয়ক নিয়মিত প্রোগ্রাম চালু করা এবং প্রামাণ্য চিত্র সম্প্রচারের জন্য মহাপরিচালক, বাংলাদেশ টেলিভিশনকে পত্র প্রেরণ করা হয়েছে।<br><br>সভাপতি উৎপাদনশীলতা আন্দোলনকে অধিক মাত্রায় বেগবান করার লক্ষ্যে বাংলাদেশ টেলিভিশন (বিটিভি) এ উৎপাদনশীলতা উন্নয়ন বিষয়ক নিয়মিত প্রোগ্রাম চালু করা এবং প্রামাণ্য চিত্র সম্প্রচারের জন্য মহাপরিচালক বাংলাদেশ টেলিভিশন (বিটিভি)'র সাথে যোগাযোগ করার জন্য এনপিও'র পরিচালককে পরামর্শ প্রদান করেন। | বাংলাদেশ টেলিভিশন (বিটিভি) এ উৎপাদনশীলতা উন্নয়ন বিষয়ক নিয়মিত প্রোগ্রাম চালু করা এবং প্রামাণ্য চিত্র সম্প্রচারের জন্য মহাপরিচালক বাংলাদেশ টেলিভিশন (বিটিভি)'র সাথে যোগাযোগ অব্যাহত রাখতে হবে। | পরিচালক, এনপিও |

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সদস্যদেরকে গুরুত্বপূর্ণ মতামত প্রদান ও আলোচনায় অংশগ্রহণ করার জন্য আন্তরিক ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ আবদুল হালিম)
সচিব, শিল্প মন্ত্রণালয়
ও
সভাপতি
জাতীয় উৎপাদনশীলতা কার্যনির্বাহী কমিটি (এনপিইসি)